SAOCL মহাব্যবস্থাপক, স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৮- জুন ৩০, ২০১৯

সূচিপত্র


| ক্রমিক নং | বিবরণী | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ১. | উপক্রমনিকা (preamble) | ৩ |
| ২. | স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র | ৪ |
| ৩. | সেকশন-১ঃ এসএওসিএল'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি | ৬ |
| ৪. | সেকশন-২ঃ এসএওসিএল'র বিভিন্ন কার্যক্রমের চুড়ান্ত ফলাফল/ প্রভাব **(Outcome/Impact)** | ৭ |
| ৫. | সেকশন-৩ঃ কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ | ৮ |
| ৬. | আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | ১০ |
| ৭. | সংযোজনী -১ঃ শব্দসংক্ষেপ | ১৩ |
| ৮. | সংযোজনী -২ঃ কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি | ১৪ |
| ৯. | সংযোজনী-৩ঃ কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা | ১৫ |

# উপক্রমনিকা (Preamble)

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাব্যবস্থাপক, ষ্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড

এবং

চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

# স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of SAOCL)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ ও ভবিষ্যত পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

এসএওসিএল বিগত তিন বছরে মোট ৮৭৬৫ মেঃ টন লুব্রিকেটিং বেইজ অয়েল ও ৩০৯০৪.২০ মেঃ টন প্যাক্ট বিটুমিন আমদানি করেছে। এ প্রতিষ্ঠান ৪৯৪৪.১৭ মেঃ টন লুব অয়েল উৎপাদন (ব্লেন্ডিং) করেছে। উৎপাদন (ব্লেন্ডিং) এর পাশাপাশি ৫১৫১.৭৮ মেঃ টন লুব্রিকেটিং অয়েল বাজারজাত করেছে। এছাড়া ০.১১১ লক্ষ মেঃ টন এল পি গ্যাস, ০.৭৮৯ লক্ষ মেঃ টন বিটুমিন ২.৩৫৩ লক্ষ মেঃ টন ডিজেল ১.৮৮৬ লক্ষ মেঃ টন ফার্ণেস অয়েল এবং ০.০৩২ লক্ষ মেঃ টন Aviation Fuel (II JET-A1) বাজারজাত করেছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ**

লুব্রিকেটিং অয়েল আমদানি ও দেশের অভ্যন্তরে জ্বালানি তেল পরিবহনের ক্ষেত্রে বর্তমান পরিবহণ ব্যবস্থা সময় ও ব্যয় সাপেক্ষ। তাই পরিবহণ ব্যবস্থা সময় ও ব্যয় সাশ্রয়ী করার জন্য সারা দেশে জ্বালানি তেলের দৈনন্দিন চাহিদার কথা বিবেচনা করে রেলওয়াগনের মাধ্যমে দেশের প্রত্যন্ত অঞ্চলে জ্বালানি তেল পৌছানোর লক্ষ্যে রেল লাইন স্থাপন করা হয়েছে।

বোরো মৌসুমে উত্তরাঞ্চলসহ সারাদেশে নিরবিচ্ছিন্ন ডিজেল সরবরাহের মাধ্যমে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে **এসএওসিএল** গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে যাচ্ছে। তা ছাড়া বর্ধিত বিদ্যুৎ চাহিদা মেটানোর জন্য কুইক রেন্টাল বিদ্যুৎ কেন্দ্রে ডিজেল/ফার্ণেস অয়েল নিরবিচ্ছিন্ন জ্বালানি সরবরাহ করতে যথাযথ ব্যবস্থা নিয়েছে।

কক্সবাজার বিমান বন্দরকে আন্তর্জাতিক বিমান বন্দরে উন্নিত করার মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণার প্রেক্ষিতে কক্সবাজার সিভিল এভিয়েশন কর্তৃপক্ষের কাছ থেকে জায়গা বরাদ্ধ নিয়ে এভিয়েশন ডিপো স্থাপনের কাজ আরম্ব করেছে যা আগামি ডিসেম্বর ২০১৮ খ্রিঃ সালের মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে। ইতোমধ্যে রিফুয়েলারের মাধ্যমে বিমানে Aviation Fuel (II JET-A1) সরবরাহ করে হচ্ছে এবং Aviation Fuel (II JET-A1) গুনগত মান নিশ্চিত করার জন্য প্রধান কার্যালয়ে একটি আন্তর্জাতিকমানের অত্যাধুনিক এভিয়েশন ফুয়েল ল্যাবটেরি স্থাপনের পাশাপশি লুব অয়েল, ফার্ণেস অয়েল ও ডিজেল ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে।

**ভবিষ্যত কর্ম পরিকল্পনা ঃ**

এ প্রতিষ্ঠানের কার্যক্রম আরও গতিশীল এবং দেশের দক্ষিণ অঞ্চলে জ্বালানি চাহিদা বিবেচনা করে নৌ পরিবহণ মন্ত্রণালয় কর্তৃক বিপিসি'র অনুকূলে মোংলায় বরাদ্দকৃত জায়গা থেকে ২.৫ একর জায়গা অত্র প্রতিষ্ঠানকে বরাদ্দ প্রদান করা হয়েছে। উক্ত বরাদ্দ জায়গায় ৪ টি স্টীল স্টোরেজ ট্যাংক নির্মাণ কাজ দ্রুত এগিয়ে চলছে খুব স্বল্প সময়ের মধ্যে এর নির্মাণ কাজ সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে।

ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তি আইন বাস্তবায়নে এ প্রতিষ্ঠানের তথ্যাদি ওয়েব সাইটে দেয়ার পরিকল্পনা রয়েছে। ইতোমধ্যে কিছু কিছু তথ্য ওয়েব সাইটে দেয়া হয়েছে।

কোম্পানির পুরাতন গুদামঘরটি ভেঙ্গে নতুন ভাবে একটি দ্বিতলা গুদাম ঘর নির্মাণ করা হবে। এ লক্ষ্যে ইতোমধ্যে সয়েল টেষ্ট করে ড্রয়িং এর কাজ এবং টেন্ডারের কাজ সমাপ্ত হয়েছে। নির্মাণকাজ খুব দ্রুত গতিতে চললে। আগামি ডিসেম্বর-২০১৮ খ্রিঃ সালের মধ্যে নির্মাণ কাজটি সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে।

৬০ ফুট উচ্চতা বিশিষ্ট ডিজেল ও ফার্ণেস অয়েল স্টীল স্টোরেজ ট্যাংকে দৈনন্দিন ডিপ নেয়ার অত্যন্ত দুরহ হওয়ায় ওঠা নামার লক্ষ্যে একটি মেনুয়েল লিফট স্থাপন করার পরিকল্পনা রয়েছে। আগামি ডিসেম্বর, ২০১৮ খ্রিঃ মধ্যে সম্পন্ন হবে বলে আশা করা যাচ্ছে।

লুব বেইস অয়েল ধারণক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ১৯৬৫ সালের প্রস্তুতকৃত ৮ টি স্টীল স্টোরেজ ট্যাংক অপসারণ করে তৎস্থলে ধারণ ক্ষমতা বৃদ্ধিসহ পর্যায়ক্রমে নতুন ৭ টি স্টীল স্টোরেজ ট্যাংক নির্মাণ কাজ হাতে নেয়া হয়েছে। আগামি ডিসেম্বর ২০১৮ খ্রিঃ নাগাদ সমাপ্ত হবে বলে আশা করা যাচ্ছে। নির্মাণ কাজ সমাপ্ত হলে বেইস অয়েলের মজুদ ধারণ ক্ষমতা বৃদ্ধি পেয়ে হবে ১৪,০০০ মেঃ টন।

নদী পথে বিদ্যুৎ উৎপাদন কেন্দ্রে জ্বালানী তেল সরবরাহের জন্য ২ টি কোষ্টাল ট্যাংকার আমদানির পরিকল্পনা রয়েছে। বিপিসি প্রস্তাবিত কমন পাইপ লাইনে অত্র প্রতিষ্ঠানকে সন্নিবেশিত করা হয়েছে। এছাড়া লুব অয়েল মজুদ সংরক্ষণ বৃদ্ধির জন্য পূর্বের ৪ টি স্টিল স্টোরেজ ট্যাংকের ধারণ ক্ষমতা বৃদ্ধি করার পরিকল্পনা রয়েছে।

২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ ঃ

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে প্রতিষ্ঠানের কাজে গতিশীলতা আনয়নের জন্য প্রধান কার্যালয়ে অপটিক ফাইবার ক্যাবলের মাধ্যমে দ্রুত গতি সম্পন্ন ইন্টারনেট সংযোগ করা হয়েছে। জাতীয় ও কোম্পানির অভ্যন্তরীন নিরাপত্তার স্বার্থে যাবতীয় কার্যক্রম সিসি ক্যামেরার মাধ্যমে সার্বক্ষণিক মনিটরিং করা হচ্ছে।

অফিসে এমপ্লীজদের উপস্থিতি, কাজে স্বচ্ছতা ও গতিশীলতা আনায়নের লক্ষ্যে ইতোমধ্যে ডিজিটাল ফিঙ্গারিং এটেনডেন্টস মেশিন স্থাপনের কাজ সমাপ্ত হয়েছে।

সারা দেশে জ্বালানি তেলের দৈনন্দিন চাহিদার কথা বিবেচনা করে রেলওয়াগানের মাধ্যমে দেশের যে সকল অঞ্চলে তেল সরবরাহের সুযোগ আছে, সে সকল অঞ্চলে জ্বালানি তেল পৌছানোর লক্ষ্যে রেলওয়ে স্লাইডিং লাইন স্থাপন করে ওয়াগন সেড নির্মাণের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে উক্ত ওয়াগন সেড থেকে অপারেশন কার্যক্রম পরিচালিত হচ্ছে।

যানবাহন রাখার লক্ষ্যে একটি ষ্টিল স্ট্রাকচার সেড গ্যারেজ নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে। বিদেশ হতে আমদানিকৃত এডিটিভস রাখার লক্ষ্যে একটি ষ্টিল স্ট্রাকচার সেড গুদাম ঘর নির্মাণ কাজ সমাপ্ত করা হয়েছে।

এ প্রতিষ্ঠানের কর্মপরিধি উত্তরোত্তর বৃদ্ধি পাওয়ায় জায়গার সংকুলান না হওয়ায় ছয় তলা বিশিষ্ট ১০৭৫ বর্গফুট আয়তনের একটি অফিস ভবন নির্মাণের কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে উক্ত অফিস ভবন থেকে অফিসিয়াল কার্যক্রম পরিচালিত হচ্ছে।

নতুন বিল্ডিংয়ের সম্মূখে ফাঁকা জায়গা, প্রধান ফটক থেকে গুদামঘর পর্যন্ত রাস্তা এবং ফার্ণেস অয়েল ও ডিজেল ডেলিভারি পয়েন্টের সম্মূখে লোডিং পয়েন্ট হেভি আর সিসি ঢালাইয়ের কাজ ইতোমধ্যে সম্পন্ন করা হয়েছে।

সম্প্রতি ইতালি থেকে ডিজেল পাম্প আমদানি করা হয়েছে এবং চাহিদা অনুযায়ি ডিজেল ডেলিভারী লাউনে প্রতিস্থাপন করা হয়েছে। বর্তমানে উক্ত পাম্প এর মাধ্যমে অপারেশন কার্যক্রম পরিচালিত হচ্ছে।

ফ্লাক্সি ব্যাগ এর মাধ্যমে আমদানীকৃত লুব বেইস অয়েল ষ্টীল স্টোরেজ ট্যাংকে গ্রহণের লক্ষ্যে একটি ফ্লাক্সি ব্যাগ আনলোডিং পয়েন্ট নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। বর্তমানে উক্ত পয়েন্টে অপারেশন কার্যক্রম পরিচালিত হচ্ছে।

এভিয়েশন ফুয়েল এবং অক্টেন ষ্টোরেজ করার লক্ষ্যে এ প্রতিষ্ঠানের মূল স্থাপনায় ২০০০ মেঃ টন ধারণ ক্ষমতা সম্পন্ন দুইটি ষ্টীল ষ্টোরেজ ট্যাংক নির্মাণ করা হয়েছে।

বহির্বিশ্ব থেকে ইকুইপমেন্টস আমদানি করে চট্রগ্রামস্থ প্রধান কার্যালয়ে একটি আন্তর্জাতিকমানের অত্যাধুনিক এভিয়েশন ফুয়েল, লুব অয়েল, ফার্ণেস অয়েল ও ডিজেল ল্যাবরেটরি স্থাপন করা হয়েছে।

ফায়ার হাইড্রেন স্থাপন ঃ

জ্বালানি তৈল টার্মিনালের অগ্নি নিরাপত্তা নিশ্চিত করার জন্য সার্বক্ষণিক অগ্নি নির্বাপকের ব্যবস্থা রয়েছে। আপতকালীন সময়ে অগ্নি নির্বাপণের জন্য হাইড্রেন লাইন স্থাপন করা হয়েছে। পাশাপাশি টার্মিনালের অভ্যান্তরে ৮০,০০০ (আশি হাজার) লিঃ ধারণ ক্ষমতা সম্পন্ন একটি পানির ট্যাংক নির্মান কাজ সমাপ্ত হয়েছে।

অগ্নি নির্বাপক ব্যবস্থা ঃ

জ্বালানি তেল এর নিরাপত্তা নিশ্চিত করার জন্য অগ্নি নির্বাপক ব্যবস্থা হিসাবে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স কর্তৃপক্ষের নির্দেশনা মতে ফায়ার সেফটি কোড অনুয়ায়ী অত্র প্রতিষ্ঠানে একটি ফায়ার হাইডেন্ট লাইন কার্যকর আছে এবং একই সাথে গুরুত্বপূর্ণ পয়েন্টে পোর্টেবল/ট্রলি টাইপ ফায়ার এক্সটিংগুইসার স্থাপন করা আছে।

## সেকশন -১

## এসএওসিএল'র রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission),কৌশলগত উদ্দেশ্যসমূহ, প্রধান কার্যাবলি

১.১ <u>রূপকল্প (Vision)</u>: দেশে জ্বালানি তেলের যোগান ও নিরাপত্তা নিশ্চিতকরণ।

১.২ <u>অভিলক্ষ্য (Mission)</u>: : পেট্রোলিয়াম পণ্য ও লুব্রিকেটিং অয়েলের বিভিন্ন উৎস অনুসন্ধান, আমদানি বা আহরণ, উন্নয়ন, বিতরণ ও সুষ্ঠু ব্যবস্থাপনার মাধ্যমে দেশের জনগণের জন্য জ্বালানি তেলের সরবরাহ নিশ্চিত করা ।

১.৩ <u>কৌশলগত উদ্দেশ্যসমূহ (strategic objectives)</u>:

**১.৩.১ প্রতিষ্ঠানের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. লুব্রিকেটিং বেইস অয়েল, প্রস্তুতকৃত লুব্রিকেটিং অয়েল আমদানি এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি।
২. লুব্রিকেটিং বেইস অয়েল প্রক্রিয়াজাত করণ এবং বিভিন্ন মানের লুব্রিকেটিং পণ্য সামগ্রী উৎপাদন।
৩. পেট্রোলিয়ামজাত পণ্য মজুতকরণ এবং বিপণন।
৪. জন শক্তির উন্নয়ন।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ।
২. কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন ।
৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন।
৪. জাতীয় শুদ্ধাচার কৌশল ও অথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ।

১.৪ <u>প্রধান কার্যাবলি (Functions)</u>:

১. ১৯১৩ সালের কোম্পানী আইন এর ৭ অনুযায়ী লিমিটেড কোম্পানি এর আওতায় সম্পাদিতব্য কার্যাবলি;
২. লুব বেইস অয়েল এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি।
৩. লুব বেইস অয়েল ব্লেন্ডিং এবং বিভিন্ন মানের লুব্রিকেটিং পন্য সামগ্রী উৎপাদন।
৪. বেইস ষ্টক বা কাঁচামাল, আবশ্যকীয় এ্যাডিটিভস, প্রস্তুতকৃত লুব্রিকেটিং অয়েল, প্যাক্ট বিটুমিন সহ লুব্রিক্যাটিং পন্যাদি আমদানি, উৎপাদন, ও বিপণন ।
৫. মিশ্রণসূত্রে লুব্রিকেন্টস পণ্যাদি উৎপাদন।
৬. পেট্রোলিয়াম (পরিশোধিত) গুদামজাতকরণের অবকাঠামো বা ফ্যাসিলিটিজ প্রতিষ্ঠার পরিকল্পনা প্রণয়ন ও স্থাপন।
৭. Aviation Fuel (II JET-A1) মজুতকরণ এবং বিপণন।
৮. বিপণন কোম্পানিসমূহের মধ্যে পেট্রোলিয়াম সামগ্রীর বরাদ্দ নির্ধারণ।
৯. আন্তদেশীয় অয়েল ট্যাংকার সংগ্রহ।
১০. পেট্রোলিয়াম বিপণনের ফ্যাসিলিটিজ স্থাপন ও সম্প্রসারণ।
১১. বিপণন কোম্পানী হিসাবে দায়িত্ব পালন বা যে কোন ফার্ম বা কোম্পানির সঙ্গে ক্রয় বিক্রয় চুক্তি বা অন্য যে কোন প্রকারের চুক্তি বা কন্ট্রাক্ট সম্পাদন।
১২. বিভিন্ন সময়ে সরকার কর্তৃক নির্দেশিত বা অর্পিত অন্য যে কোন দায়িত্ব পালন এবং
১৩. অধ্যাদেশের লক্ষ্য সমূহ প্রতিপালনের জন্য আবশ্যকীয় অনুরূপ অন্যান্য বিষয়াদি সম্পাদন।

## সেকশন ২

### এসএওসিএল'র বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৮-১৯ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ /সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | ২০১৯-২০ | ২০২০-২১ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| দেশের সর্বত্র পেট্রোলিয়াম পণ্যের নিরবচ্ছিন্ন সরবরাহ নিশ্চিতকরণ | মাথাপিছু পিওএল-এর ব্যবহার | কেজিওই (Kg Oil Equivalent) | ০.৯৯৮ | ১.৫৪৭ | ১.৬২৫ | ১.৭০৬ | ১.৭৯২ | অর্থ বিভাগ | এসএওসিএল'র বার্ষিক প্রতিবেদন |
| | | | | | | | | পরিকল্পনা কমিশন | বিপিসি'র সেচ পুস্তিকা |
| | | | | | | | | জাতীয় রাজস্ব বোর্ড | বাংলাদেশ স্ট্যাটিস্টিক্যাল ব্যুরো ওয়েবসাইট |
| | | | | | | | | বাংলাদেশ ব্যাংক | |
| | | | | | | | | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | |
| | | | | | | | | পেট্রোবাংলা | |

*সাময়িক

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ক্রাইটেরিয়া মান/২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **এসএওসিএল'র কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ১) লুব্রিকেটিং বেইস অয়েল, প্রস্তুতকৃত লুব্রিকেটিং অয়েল আমদানি এবং অন্যান্য পরিশোধিত পেট্রোলিয়ামজাত পণ্যাদি সংগ্রহ ও আমদানি। | ৩০ | ১.১) প্রস্তুতকৃত লুব্রিকেটিং পণ্য ও পেক্ট বিটুমিন আমদানি | ১.১.১) প্রস্তুতকৃত পণ্য আমদানি | লক্ষ মে.টন | ৩ | ০.০৯৩ | ০.১৫৮ | ০.১৭৪ | ০.১৫৬ | ০.১৩৯ | ০.১২২ | ০.১০৪ | ০.১৮২ | ০.১৯২ |
| | | ১.২) লুব্রিকেটিং বেইস অয়েল আমদানি | ১.২.১) লুব্রিকেটিং বেইজ অয়েল আমদানি | লক্ষ মে.টন | ১৫ | ০.০১৩ | ০.০৪০ | ০.০৪২ | ০.০৩৮ | ০.০৩৪ | ০.০২৯ | ০.০২৫ | ০.০৪৪ | ০.০৪৬ |
| | | ১.৩) লোকাল উৎস হতে পরিশোধিত তেল সংগ্রহ | ১.৩.১) পরিশোধিত তেল সংগ্রহ | লক্ষ মে.টন | ১৭ | ০.৩১৯ | ০.১২৪ | ০.১৩৬ | ০.১২৩ | ০.১০৯ | ০.০৯৫ | ০.০৮২ | ০.১৪৯ | ০.১৬৪ |
| ২) লুব্রিকেটিং বেইস অয়েল প্রক্রিয়াজাত করণ এবং বিভিন্ন মানের লুব্রিকেটিং পণ্য সামগ্রী উৎপাদন | ১০ | ২.১) লুব্রিকেটিং বেইস অয়েল ব্লেন্ডিং | ২.১.১) লুব্রিকেটিং বেইস অয়েল ব্লেন্ডিং | লক্ষ মে.টন | ১০ | ০.০১৫ | ০.০২২ | ০.০২৩ | ০.০২১ | ০.০১৮ | ০.০১৬ | ০.০১৪ | ০.০২৪ | ০.০২৫ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক মান/২০১৮-১৯ (Target /Criteria Value for FY 2018-19) | | | | | প্রক্ষেপণ ২০১৯-২০ | প্রক্ষেপণ ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮* | অসাধারণ ১০০% | অতি উত্তম ৯০% | উত্তম ৮০% | চলতি মান ৭০% | চলতি মানের নিম্নে ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **এসএওসিএল'র আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| ৩) পেট্রোলিয়ামজাত পণ্য মজুতকরণ এবং বিপণন | ৩০ | ৩.১) পর্যাপ্ত পরিমাণ পেট্রোলিয়াম পণ্যের স্টক মেইনটেইন | ৩.১.১) ডিজেল | লক্ষ মে.টন | ৫ | ০.৫১৮ | ১.৬৭৭ | ১.৭৬১ | ১.৫৮৫ | ১.৪০৯ | ১.২৩৩ | ১.০৫৭ | ১.৮৪৯ | ১.৯৪১ |
| | | | ৩.১.২) ফার্নেস অয়েল | লক্ষ মে.টন | ৭ | ০.৮৪৬ | ০.৭০৯ | ০.৭৪৪ | ০.৬৭০ | ০.৫৯৬ | ০.৫২১ | ০.৪৪৭ | ০.৭৮২ | ০.৮২১ |
| | | | ৩.১.৩) এভিয়েশন ফুয়েল | লক্ষ মে.টন | ৩ | ০.০০৬ | ০.০২৭ | ০.০২৮ | ০.০২৬ | ০.০২৩ | ০.০২০ | ০.০১৭ | ০.০৩০ | ০.০৩১ |
| | | | ৩.১.৩) বিটুমিন | লক্ষ মে.টন | ৩ | ০.২৪৮ | ০.৩৮৫ | ০.৪০৪ | ০.৩৬৪ | ০.৩২৩ | ০.২৮৩ | ০.২৪৩ | ০.৪২৪ | ০.৪৪৬ |
| | | | ৩.১.৪) এলপিজি | লক্ষ মে.টন | ৩ | ০.০৩৯ | ০.০৩৭ | ০.০৩৯ | ০.০৩৫ | ০.০৩১ | ০.০২৭ | ০.০২৩ | ০.০৪১ | ০.০৪৩ |
| | | ৩.২) পেট্রোলিয়াম পণ্য বিপণন | ৩.২.১) খুচরা কাস্টমার | লক্ষ মে.টন | ১ | ০.৪৮০ | ০.৬৩৪ | ০.৬৬৬ | ০.৫৯৯ | ০.৫৩৩ | ০.৪৬৬ | ০.৩৯৯ | ০.৬৯৯ | ০.৭৩৪ |
| | | | ৩.২.২) সরাসরি কাস্টমার | লক্ষ মে.টন | ৪ | ১.১৮০ | ১.৯৩৯ | ২.০৩৬ | ১.৮৩২ | ১.৬২৯ | ১.৪২৫ | ১.২২২ | ২.১৩৮ | ২.২৪৫ |
| | | ৩.৩) মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ | ৩.৩.৩) মজুদ ক্ষমতা বৃদ্ধি | লক্ষ মে.টন | ৪ | ০.০০০ | ০.০৩০ | ০.২৪১ | ০.২১৭ | ০.১৯৩ | ০.১৬৯ | ০.১৪৫ | ০.০৫০ | ০.০৬০ |
| ৪) জন শক্তির উন্নয়ন | ০৫ | প্রশিক্ষণ কার্যক্রম | কর্মকর্তা কর্মচারী প্রশিক্ষণ | জন সংখ্যা | ৫ | ০.০০০ | ৩০৬ | ৩৪০ | ৩০৬ | ২৭২ | ২৩৮ | ২০৪ | ৩৬০ | ৩৮০ |

## কোম্পানির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ, ২০১৮-১৯
## (মোট নম্বর - ২৫)

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান-২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | দপ্তর/সংস্থার সংগে ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর ও ওয়েবসাইটে আপলোড | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ০.৫ | ২০ জুন, ২০১৮ | ২১ জুন, ২০১৮ | ২৪ জুন, ২০১৮ | - | - |
| | | ২০১৮-১৯ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধ-বার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগে দাখিল | মূল্যায়ণ প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ০.৫ | ০৭ জানুয়ারি, ২০১৯ | ১০ জানুয়ারি, ২০১৯ | ১৩ জানুয়ারি, ২০১৯ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০১৯ |
| | | ২০১৮-১৯ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অর্ধ-বার্ষিক মূল্যায়ণ প্রতিবেদন পর্যালোচনান্তে ফলাবর্তক (feedback) সংস্থায় প্রদান | ফলাবর্তক (feedback) প্রদত্ত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি, ২০১৯ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ জানুয়ারি, ২০১৯ |
| | | সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতিসহ অন্যান্য বিষয়ে কর্মকর্তা /কর্মচারিদের জন্য প্রশিক্ষণ আয়োজন | আয়োজিত প্রশিক্ষণের সময় | জনঘন্টা * | ১ | ৬০ | - | - | - | - |
| কার্যপদ্ধতি, কর্মপরিবেশ ও সেবার মানোন্নয়ন | ১০ | ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ফ্রন্ট ডেস্কের মাধ্যমে গৃহীত ডাক ই-ফাইলিং সিস্টেমে আপলোডকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫৫ | ৫০ |
| | | | ই-ফাইলে নথি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | | ই-ফাইলে পত্র জারীকৃত | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | কোম্পানি কর্তৃক অনলাইন সেবা চালু করা | নূন্যতম একটি নতুন ই-সার্ভিস চালুকৃত | তারিখ | ১ | ১০ জানুয়ারি, ২০১৯ | ২৪ জানুয়ারি, ২০১৯ | ২৮ জানুয়ারি, ২০১৯ | ৩১ মার্চ, ২০১৯ | ৩০ এপ্রিল, ২০১৯ |
| | | কোম্পানি'র অধীনস্ত কর্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP ) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প (SIP ) সমূহের হালনাগাদকৃত ডাটাবেট ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ৪ মার্চ, ২০১৯ |
| | | | ডাটাবেজ অনুযায়ি ন্যূনতম দুটি নতুন উদ্ভাবনী উদ্যোগ/ক্ষুদ্র উন্নয়ন প্রকল্প চালুকৃত | তারিখ | ১ | ৮ এপ্রিল, ২০১৯ | ২২ এপ্রিল, ২০১৯ | ০২ মে, ২০১৯ | ১৬ মে, ২০১৯ | ৩০ মে, ২০১৯ |
| | | সিটিজেন্স চার্টার বাস্তবায়ন | হালনাগাদকৃত সিটিজেন্স চার্টার অনুযায়ি প্রদত্ত সেবা | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | | সেবাগ্রহিতাদের মতামত পরিবীক্ষণ ব্যবস্থা চালুকৃত | তারিখ | ০.৫ | ৩১ ডিসেম্বর, ২০১৮ | ১৫ জানুয়ারি, ২০১৯ | ৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ৭ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৮ ফেব্রুয়ারি, ২০১৯ |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নির্দিষ্ট সময়ের মধ্যে অভিযোগ নিস্পত্তিকৃত | % | ০.৫ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৫০ |
| | | এলপিআর শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারির পিআরএল ও ছুটি নগদায়নপত্র জারি করা | পিআরএল আদেশ জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | ছুটি নগদায়নপত্র জারিকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | - | - |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার মান ২০১৮-১৯ | | | | |
| | | | | | | অসাধারণ (Excellent) ১০০% | অতি উত্তম (Very Good) ৯০% | উত্তম (Good) ৮০% | চলতি মান (Fair) ৭০% | চলতি মানের নিম্নে (Poor) ৬০% |
| আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৯ | অডিট আপত্তি নিস্পত্তি কার্যক্রমের উন্নয়ন | ত্রিপক্ষীয় সভায় অডিট আপত্তি নিস্পত্তির জন্য সুপারিশকৃত | % | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | | অডিট আপত্তি নিস্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | স্থাবর ও অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ৪ মার্চ, ২০১৯ |
| | | | অস্থাবর সম্পত্তির তালিকা হালনাগাদকৃত | তারিখ | ১ | ৩ ফেব্রুয়ারি, ২০১৯ | ১১ ফেব্রুয়ারি, ২০১৯ | ১৮ ফেব্রুয়ারি, ২০১৯ | ২৫ ফেব্রুয়ারি, ২০১৯ | ৪ মার্চ, ২০১৯ |
| | | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়ন | বার্ষিক উন্নয়ন কর্মসূচি বাস্তবায়িত | % | ২ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | অব্যবহৃত/অকেজো যানবাহন বিদ্যমান নীতিমালা অনুযায়ি নিস্পত্তিকরণ | নিস্পত্তিকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬০ | ৫০ |
| | | বকেয়া বিদ্যুৎ বিল পরিশোধ করা | বিদ্যুৎ বিল পরিশোধিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | শূণ্য পদের বিপরীতে নিয়োগ প্রধান | নিয়োগ প্রদানকৃত | % | ১ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | ৪০ |
| জাতীয় শুদ্ধাচার কৌশল ও অথ্য অধিকার বাস্তবায়ন জোরদারকরণ | ৩ | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামো বাস্তবায়ন | ত্রৈমাসিক প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১ | ৪ | ৩ | - | - | - |
| | | | জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ কাঠামোয় অন্তর্ভূক্ত লক্ষ্যমাত্রা বাস্তবায়িত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | তথ্য বাতায়ন হালনাগাদকরণ | সকল অনলাইন সেবা তথ্য বাতায়নে সংযোজিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | কোম্পানি'র ২০১৭-১৮ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও ওয়েবসাইটে প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৮ অক্টোবর, ২০১৮ | ৩১ অক্টোবর, ২০১৮ | ১৫ নভেম্বর, ২০১৮ | ২৯ নভেম্বর, ২০১৮ | ০৬ ডিসেম্বর, ২০১৮ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের আওতাধীন বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন এর অঙ্গ প্রতিষ্ঠান স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড এর মহাব্যবস্থাপক হিসেবে আমি, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের চেয়ারম্যান এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, চেয়ারম্যান, বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন, অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত

| | |
|---|---|
| মহাব্যবস্থাপক<br>স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোম্পানী লিমিটেড<br>প্রকৌঃ মোহাম্মদ শাহেদ<br>মহাব্যবস্থাপক<br>স্ট্যান্ডার্ড এশিয়াটিক অয়েল কোং লিঃ<br>(বাংলাদেশ পেট্রোলিয়াম করর্পোরেশন একটি অঙ্গ প্রতিষ্ঠান)<br>৩৩ গুপ্তখাল, এয়ারপোর্ট রোড,<br>চট্টগ্রাম-৪২০৫. | ২০/০৬/২০১৬<br>তারিখ |
| চেয়ারম্যান<br>বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন<br>মোঃ আকরাম-আল-হোসেন<br>চেয়ারম্যান<br>বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন | ২০/০৬/২০১৬<br>তারিখ |

# সংযোজনী -১

## শব্দসংক্ষেপ

| ক্রমিক নং | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিপিসি | বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশন |
| ২ | মে.টন | মেট্রিক টন |
| ৩ | এলপিজি | লিকুইফাইড পেট্রোলিয়াম গ্যাস |
| ৪ | বিআইডব্লিউটিএ | বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি |
| ৫ | জিআরএস | গ্রিবেন্স রিড্রেস সিস্টেম |
| ৬ | পিওএল | পেট্রোলিয়াম, অয়েল এন্ড লুব্রিকেন্টস্ |
| ৭ | ডিপিপি | ডেভেলপমেন্ট প্রজেক্ট প্রোপোজাল |
| ৮ | কেজিওই | কিলোগ্রাম অয়েল ইকুইভ্যালেন্ট |

## সংযোজনী-২

### কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | পেট্রোলিয়াম পণ্য বিপিসি, ইআরএল ও এলপিজিএল থেকে সংগ্রহ। | পেট্রোলিয়াম পণ্য সংগ্রহ। | পেট্রোলিয়াম পণ্য যথা, ডিজেল, ফার্নেস অয়েল, বিটুমিন এবং এলপি গ্যাস লোকাল উৎস তথা বিপিসি, ইআরএল ও এলপিজিএল থেকে সংগ্রহ করা হয়। | এসএওসিএল | এসএওসিএল'র বার্ষিক প্রতিবেদন | |
| ২ | লুব্রিকেটিং বেইস অয়েল, প্রস্তুতকৃত লুব্রিকেটিং অয়েল ও বিটুমিন আমদানি। | লুব্রিকেটিং বেইস অয়েল, ও বিটুমিন আমদানি। | স্থানীয় উৎপাদন দেশের চাহিদা পূরণ করতে পারে না বিধায় পরিশোধিত জ্বালানি তেল আমদানি করতে হয়। | এসএওসিএল | এসএওসিএল'র বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ। | মজুদ ক্ষমতা বৃদ্ধি। | দৈনিক চাহিদা পূরণের জন্য জ্বালানি তেলের পর্যাপ্ত পরিমান সরবরাহ অত্যন্ত জরুরী। নিরবিচ্ছিন্ন জ্বালানি তেল সরবরাহের লক্ষ্যে মজুদ ক্ষমতা বৃদ্ধিকরণ প্রয়োজন। | এসএওসিএল | এসএওসিএল'র বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী-৩

### কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা

| সংস্থার ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা প্রত্যাশার/ যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | অনুমোদন | প্রশাসনিক ও আর্থিক অনুমোদন | সরকারি নীতি | কার্যক্রম ব্যাহত হবে। |
| অর্থ মন্ত্রণালয় | অর্থ বিভাগ | অনুমোদন | আর্থিক বন্টন | সরকারি নীতি | কার্যক্রম ব্যাহত হবে। |
| পরিকল্পনা মন্ত্রণালয় | পরিকল্পনা কমিশন | অনুমোদন | ডিপিপি অনুমোদন | সরকারি নীতি | প্রজেক্ট বাস্তবায়িত হবে না। |
| রেলওয়ে বিভাগ | বাংলাদেশ রেলওয়ে | পরিবহন | রেলযোগে পেট্রোলিয়াম পণ্য পরিবহন | রেলহেড ডিপোতে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | পরিবহন ব্যাহত হবে। |
| শিপিং | বিআইডব্লিউটিএ ও চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ | অভ্যন্তরীণ পরিবহন ও আমদানিতব্য পণ্য গ্রহণ | নদীপথে পরিবহন এবং বন্দর ও জেটি সুবিধা | নদীপথে পেট্রোলিয়াম পণ্য সরবরাহ নিশ্চিতকরণ | পরিবহন ব্যাহত হবে এবং পেট্রোলিয়াম পণ্য আমদানি ব্যাহত হবে। |